৪০

দৈনিক সংবাদ

তারিখ ... 10 JUL 1997 ...
পৃষ্ঠা ...2... কলাম ...2...

# থানা প্রাথমিক শিক্ষা কমিটিতে এমপি উপদেষ্টা থাকবেন

থানা প্রাথমিক শিক্ষা কমিটি আরো সক্রিয়, কার্যকর ও ফলপ্রসূ করার লক্ষ্যে সরকার এই কমিটিকে পুনর্গঠন করেছে। পুনর্গঠিত কমিটিতে সংশ্লিষ্ট থানার সংসদ সদস্যকে উপদেষ্টা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এ কমিটিতে জেলা প্রশাসক এবং জেলা পর্যায়ের কর্মকর্তা কর্তৃক সীমিত-সংখ্যক মনোনীত ব্যক্তিকে মনোনয়নের ব্যবস্থা করা হয়েছে। কমিটির মেয়াদকাল ৩ বছর।